

# গবেষণার ফলাফল সকলের বোধগম্য হওয়াই বিজ্ঞানীর স্বার্থকতা : সাদেকা হালিম

প্রতিনিধি, জগন্নাথ বিশ্ববিদ্যালয়

: সোমবার, ২৭ মে ২০২৪



একজন বিজ্ঞানী তখনই স্বার্থক হয় যখন তার গবেষণার ফলাফল সকলের কাছে সহজেই বোধগম্য হয় বলেছেন জগন্নাথ বিশ্ববিদ্যালয় (জবি) উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম।

আজ সোমবার বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তন লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদ এবং জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি বিভাগ এর যৌথ আয়োজনে জিনোম এডিটিং বিষয়ক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

উপাচার্য সাদেকা হালিম বলেন, একজন বিজ্ঞানী স্বার্থক হবেন তখনই যখন তার গবেষণার ফলাফল সকলের কাছে সহজেই বোধগম্য হয়। আমাদের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা জিনোম এডিটিং বিষয়ে গবেষণায় বিজ্ঞানীদের উৎসাহিত করে যাচ্ছেন। কারণ জিনোম এডিটিং আমাদের কৃষকদের ফসল উৎপাদন বৃদ্ধিতে সহায়তা করে।

সেমিনারে আমন্ত্রিত বক্তা হিসেবে আলোচনা করেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুরের ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং এর অধ্যাপক ড. মো. তোফাজ্জল ইসলাম।

অনুষ্ঠানে জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. সুমাইয়া ফারাহ খানের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. হুমায়ুন কবীর চৌধুরী এবং লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদের ডিন

অধ্যাপক ড. মল্লিক আকরাম হোসেন। এছাড়াও বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষার্থীসহ অন্যান্য গবেষকবৃন্দ উপস্থিত ছিলেন।